

মরিশাসের প্রধানমন্ত্রী মহামান্য প্রভিন্দ কুমার জগন্নাথের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

০৪ই সেপ্টেম্বর, ২০২৩

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৮ই সেপ্টেম্বর, ২০২৩ এ দিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রভিন্দ কুমার জগন্নাথের সঙ্গে সাক্ষাৎ করেন।

জি-২০ ফরম্যাটে 'অতিথি দেশ' হিসেবে অংশ নিতে মরিশাসকে বিশেষ আমন্ত্রণ জানানোর জন্য প্রধানমন্ত্রী জগন্নাথ প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। ভারতের সভাপতিত্বে জি-২০-এর বিভিন্ন ওয়ার্কিং গ্রুপ এবং মন্ত্রী পর্যায়ের বৈঠকে মরিশাসের সক্রিয় অংশগ্রহণের প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

দু'দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ৭৫তম বার্ষিকী উদযাপনের পাশাপাশি জি-২০ সম্মেলন অনুষ্ঠিত হওয়ায় উভয় নেতাই সন্তোষ প্রকাশ করেন। দুই নেতা ভারত ও মরিশাসের মধ্যে বহুমুখী দ্বিপাক্ষিক সহযোগিতাপর্যালোচনা করেন। তারা গত এক বছরে ৩০টিরও বেশি প্রতিনিধি দল সফর এবং ২৩টি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে দ্বিপাক্ষিক বিনিময়ের দ্রুত গতির কথা উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী জগন্নাথ চন্দ্রযান-৩ মিশনের সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান এবং মহাকাশ ক্ষেত্রে দু'পক্ষের মধ্যে আরও সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করেন।

নয়া দিল্লি

০৪ই সেপ্টেম্বর, ২০২৩